# PM interacts with SAARC leaders to combat COVID-19 in the region

March 15, 2020

## এই অঞ্চলে কোভিড–**19** এর বিরুদ্ধে লড়াই করার জন্য সার্ক নেতৃবৃন্দের সাথে প্রধানমন্ত্রী কথাবার্তা বলেছেন

মার্চ 15, 2020

প্রধানমন্ত্রী সার্ক দেশগুলির জন্য কোভিড –19 আপৎকালীন তহবিল তৈরি করার প্রস্তাব দিয়েছেন।

প্রধানম্নত্রী শ্রী নরেন্দ্র মোদী, এই অঞ্চলে কোভিড–19– এর মোকাবিলা করার জন্য একটি সাধারণ কৌশলের তালিকা প্রস্তুত করার জন্য সার্ক নেতৃবৃন্দের সাথে ভিডিও কনফারেন্সের মাধ্যমে কথাবার্তা বলেছেন।

**বন্টিত ইতিহাস – মিলিত ভবিষ্যৎ**

এত কম সময়ের ঘোষণায় কনফারেন্সে যোগদানের জন্য প্রধানমন্ত্রী নেতৃবৃন্দকে ধন্যবাদ জানিয়েছেন। সার্ক দেশগুলির প্রাচীন সমাজের জনগনের মধ্যে জনগণের সাথে পারস্পরিক বন্ধণ এবং পারস্পরিক যোগসূত্রতার উপরে জোর দিয়ে তিনি বলেছেন যে, এই চ্যালেঞ্জের মোকাবিলা করার জন্য দেশগুলিকে একসাথে প্রস্তুত থাকা অবশ্যপালনীয়।

**সম্মুখে এগোবার পথ**

সহযোগিতার নৈতিক দৃষ্টিভঙ্গিতে, সকল দেশগুলি থেকে স্বেচ্ছা অনুদানের ভিত্তিতে একটি কোভিড–19 আপৎকালীন তহবিল গঠন করার প্রস্তাব দিয়েছেন প্রধানমন্ত্রী মোদি। এই তহবিলের জন্য প্রাথমিক ভাবে ভারত 10 মিলিয়ন আমেরিকান ডলার অনুদান দেবার কথা তিনি ঘোষনা করেছেন।তাৎক্ষণিক ক্রিয়ার ব্যয় ভার সামলাবার জন্য যেকোন অংশীদার দেশ এই তহবিলকে ব্যবহার করতে পারবে।তিনি জানিয়েছেন যে, টেস্টিং কিটস এবং অন্যান্য সরঞ্জাম সহ ডাক্তার এবং বিশেষজ্ঞদের একটি দ্রুত প্রতিক্রিয়া দল ভারত এক জায়গায় জড় করছে। প্রয়োজন হলে যাতে সাথে সাথে দেশগুলিতে সাহায্যের জন্য প্রেরণ করা যায় তার জন্য এই দলটি প্রস্তুত থাকবে।

প্রধানমন্ত্রী প্রতিবেশী দেশগুলির জরুরী প্রতিক্রিয়া দলগুলির জন্য অনলাইন ট্রেনিং ক্যাপসুলের ব্যবস্থা দেবার প্রস্তাবও দিয়েছেন। সম্ভাব্য ভাইরাস বাহক এবং তাদের সংস্পর্শে যারা এসেছেন তাদের খুঁজে বের করার জন্য ভারতের ইন্টিগ্রেটেড ডিজিজ সার্ভেল্যান্স পোর্টালের সফটওয়্যার বিনিময় করার প্রস্তাবও তিনি দিয়েছেন।তিনি পরামর্শ দিয়েছেন যে, সার্ক বিপর্যয় মোকাবিলা কেন্দ্রের মত বিদ্যমান পদ্ধতিগুলিকে সর্বোচ্চ কার্য সম্পাদনের দিকে টেনে নিয়ে যাওয়া যেতে পারে।

দক্ষিণ এশিয় অঞ্চলগুলির মধ্যে মহামারী নিয়ন্ত্রণে গবেষণার সমন্বয় সাধনের জন্য একটি কমন রিসার্চ প্লাটফর্ম তৈরি করার প্রস্তাবও তিনি দিয়েছেন।কোভিড-19- এর দীর্ঘ-মেয়াদী অর্থনৈতিক প্রভাব এবং অভ্যন্তরীণ বাণিজ্য ও স্থানীয় মূল্যবোধের শৃঙ্খলকে এর প্রভাব থেকে কিভাবে সবথেকে ভালোভাবে রক্ষা করা যায়, তার উপরে বিশেষজ্ঞদের আরও চিন্তা ভাবনা করার প্রস্তাব তিনি দিয়েছেন।

নেতৃবৃন্দ প্রধানমন্ত্রীর উদ্যোগকে সাধুবাদ প্রদান করেছেন।প্রধানমন্ত্রী একসাথে লড়াইয়ের স্থিরপ্রতিজ্ঞার পুনরাবৃত্তি করেছেন এবং বলেছেন যে, সার্ক দেশের প্রতিবেশীসুলভ সহযোগিতা বিশ্বের বাকি দেশগুলির কাছে মডেল হিসেবে মান্য হওয়া উচিত।

**অভিজ্ঞতার বিনিময়**

প্রধানমন্ত্রী বলেছেন যে, ভারতের পরামর্শ মন্ত্র হল " আশংকা নয়, প্রস্তুত থাকুন"। তিনি অতিমারি মোকাবিলার সর্বস্তরে একটি উন্নত প্রতিক্রিয়া দল, দেশে আগত প্রত্যেকের পরীক্ষা, টিভি, পত্রিকা এবং সোশ্যাল মিডিয়াতে জন সচেতনতা মূলক প্রচার, অসুরক্ষিত জনগোষ্ঠীর কাছে পৌঁছোবার জন্য বিশেষ উদ্যোগ, রোগ নির্ণয়ের সুবিধাকে দ্রুতবেগে বাড়িয়ে তোলা এবং প্রোটকলের উন্নতি বিধান সহ গৃহীত সকল উৎসাহজনক পদক্ষেপগুলিকে পেশ করেছেন।

তিনি বলেছেন যে, ভারত যে শুধুমাত্র বিভিন্ন দেশ থেকে প্রায় 1400 ভারতীয় নাগরিককে সফলতার সাথে দেশে ফিরিয়ে এনেছে, তাই নয় তারসাথে 'প্রতিবেশীসুলভ প্রথম নীতি' অনুযায়ী প্রতিবেশী দেশগুলির কয়েকজন নাগরিককেও ফিরিয়ে এনেছে।

রাষ্ট্রপতি আশরফ ঘানি বলেছেন যে, ইরানের সাথে উন্মুক্ত সীমান্ত হল আফাগানিস্তানের সবথেকে অসুরক্ষিত অঞ্চল। তিনি প্রতিবেশী দেশগুলির মধ্যে প্রসারিত আদর্শের প্রতিরূপ গঠন, টেলিমেডিসিন এবং বৃহত্তর সহযোগিতার জন্য একটি সাধারণ কাঠামো তৈরি করার প্রস্তাব দিয়েছেন।

রাষ্ট্রপতি ইব্রাহিম সোলিহ, কোভিড- 19 -এর সাথে মোকাবিলা করার জন্য চিকিৎসা সাহায্য এবং উহান থেকে নয়জন মালদ্বীপের নাগরিককে ফিরিয়ে আনার জন্য ভারত সরকারকে ধন্যবাদ দিয়েছেন। তিনি দেশের পর্যটনে কোভিড-19- এর নেতিবাচক প্রভাব এবং দেশের অর্থনীতিতে তার প্রভাবের কথা সবার সামনে তুলে ধরেছেন। তিনি এই অঞ্চলের দেশগুলির হেলথ এমার্জেন্সি এজেন্সিগুলির মধ্যে ঘনিষ্ঠ সহযোগিতা, অর্থনৈতিক ত্রাণ মোড়ক( ইকনমিক রিলিফ প্যাকেজ) ও দীর্ঘ মেয়াদী পুনরুদ্ধার পরিকল্পনার প্রস্তাব দিয়েছেন।

রাষ্ট্রপতি গোটাবায়া রাজপক্ষা, এই কঠিন পরিস্থিতিতে অর্থনীতিতে জোয়ার আনার জন্য সার্ক নেতৃবৃন্দকে একসাথে কাজ করার সুপারিশ করেছেন। কোভিড- 19 -এর মোকাবিলার উপরে আঞ্চলিক

বিষয়গুলির সমন্বয় সাধান এবং সর্বোত্তম কার্য সম্পাদন বিনিময় করার জন্য সার্ক মন্ত্রীস্তরের একটি দল গঠনের সুপারিশও করেছেন।

কোয়ারেন্টাইন সময়কালে উহান থেকে ভারতীয় ছাত্রদের সাথে **23** জন বাংলাদেশী ছাত্রকে ফিরিয়ে আনার জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রধানমন্ত্রী মোদিকে ধন্যবাদ জ্ঞাপন করেছেন। তিনি, ভিডিও কনফারেন্সের মাধ্যমে এই অঞ্চলের স্বাস্থ্য মন্ত্রী এবং সচিবদের মধ্যে প্রাযুক্তিক স্তরে ধারাবাহিকভাবে কথাবার্তা চালিয়ে যাবার প্রস্তাব পেশ করেছেন।

প্রধানমন্ত্রী কে পি শর্মা ওলি, কোভিড– 19 মোকাবিলার জন্য নেপাল সরকারের গৃহীত পদক্ষেপের জন্য সার্ক নেতৃবৃন্দর প্রশংসা করেছেন। তিনি বলেছেন যে, সকল সার্ক দেশভুক্ত দেশগুলির সমষ্ঠিগত জ্ঞান এবং প্রচেষ্টা অতিমারিরর মোকাবিলার জন্য একটি বলিষ্ঠ এবং কার্যকরী কৌশল গঠনে সাহায্য করবে।

ডক্টর জাফর মির্জা ,প্রকৃত সময়ে স্বাস্থ্য সংক্রান্ত খবরাখবর, ডেটা বিনিময় এবং সমন্বয় সাধনের জন্য জাতীয় কর্তৃপক্ষের একটি কর্মীদল তৈরী করার জন্য সার্ক সচিবালয়ের একটি নির্দেশজারি করার কথা সুপারিশ করেছেন।প্রকৃত সময়ে রোগ নজরদারীর ডেটা বিনিময় করার জন্য সার্ক মন্ত্রীদের কনফারেন্সের আয়োজন এবং আঞ্চলিক পদ্ধতির উন্নতি বিধান করার জন্য তিনি সুপারিশ করেছেন।

DISCLAIMER : This is an approximate translation. The original is available in English on MEA’s website and may be referred to as the official press release.